



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-৯২/হিসাব/ব্যয়/২০১৫/৬৪৬

তারিখঃ ২১/১০/২০১৫

অন-লাইনে ফি জমা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা এর আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সেবাপ্রদানকারী সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ঢাকা শিক্ষা বোর্ড প্রদত্ত সকল সেবার ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/টিটির পরিবর্তে ১লা নভেম্বর ২০১৫ হতে শুধুমাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে অন-লাইনে প্রদান করতে হবে। বোর্ড প্রদত্ত যে কোন সেবা পেতে সেবার জন্য নির্ধারিত ফি যার-যার নিকটস্থ সোনালী ব্যাংকের শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করুন।

অন-লাইনে Sonali Seba এর মাধ্যমে ফি জমা করার নিয়মাবলিঃ

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) প্রবেশ করে **Home page** থেকে **Sonali Seba** মেনুতে **Click** করলে সোনালী সেবার মাধ্যমে ফি প্রেরণের তথ্য ফরমটি পাওয়া যাবে। ফরমটির তথ্যাদি পূরণ করে **Save** বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে ফি প্রেরণের আবেদন ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট করে নিয়ে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে জমা প্রদানকারীর অংশ ও বোর্ডের অংশ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে ফি জমাদানের প্রমাণক (বোর্ডের অংশ) অন্যান্য কাগজপত্রের সংগে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের **EIN** ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের **Home page** এর **Institute website** থেকে পাওয়া যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মোঃ শাহেদুল খবির চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন (অফিস)ঃ ৯৬৬৯৮১৩